# নারায়ণগঞ্জে কিছু নতুন বই পেয়েছে শিক্ষার্থীরা

■ **নারায়ণগঞ্জ প্রতিনিধি**

বিগত বছরগুলোর মতো পুরোপুরি সম্ভব না হলেও নারায়ণগঞ্জের শিক্ষার্থীরা কিছু নতুন বই পেয়েছে। বুধবার বছরের প্রথম দিনে জেলার স্কুলগুলোতে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেওয়া হয়। এদিন প্রাক প্রাথমিক থেকে শুরু করে ৬ষ্ঠ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের হাতে কয়েকটি বিষয়ের নতুন বই তুলে দেওয়া হলেও সরবরাহ না থাকায় ৭ম থেকে দশম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীরা বই হাতে পাবে আগামী ১০ জানুয়ারি থেকে ২০ জানুয়ারির মধ্যে। নারায়ণগঞ্জের জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ফেরদৌসী বেগম বিষয়টি নিশ্চিত করেছেন।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ফেরদৌসী বেগম বলেন, প্রাক-প্রাথমিক থেকে শুরু করে ৩য় শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীরা সকল বই পেয়েছে। চতুর্থ ও পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে সদর উপজেলার ৫০ শতাংশ শিক্ষার্থী সকল বই পেয়েছে। বাকি উপজেলাগুলোতে পায়নি। তবে শিগ্‌গিরই তাদের হাতে নতুন বই তুলে দেওয়া হবে। আর ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীরা পেয়েছেন চারটি বই। এর মধ্যে আছে বাংলা প্রথম ও দ্বিতীয় পত্র, ইংরেজি ও গণিত।

তিনি আরো জানান, আজ বছরের প্রথম দিনেই সকলের হাতে কমবেশি বই তুলে দেওয়া হয়েছে। পাশাপাশি আজ থেকে নিয়মিত শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে স্কুলগুলোতে।

জেলা শিক্ষা অফিসার মো. ইউনুস ফারুকী বলেন, আমাদের ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের হাতে আমরা চারটি বিষয়ের বই তুলে দিতে পেরেছি। বাকি বইগুলো এখনো আসেনি। এগুলো ছাপা ও অন্যান্য কাজের জন্য দেরি হচ্ছে। তবে আমরা আশা করছি, আগামী ১০ থেকে ২০ জানুয়ারির মধ্যে সকলের হাতে হাতে বই পৌঁছে যাবে।